

নম্বর : ৪৬.০০.৮২০০.০৪২.১৪.০১৪.১৭.৪৯১

তারিখ: ০৭ চৈত্র ১৪২৮
২১ মার্চ ২০২২

বিষয় : রাজবাড়ী জেলা পরিষদের মাধ্যমে 'কাজী হেদায়েত হোসেন মেমোরিয়াল ডায়াবেটিক হাসপাতালের নার্সিং ইনস্টিটিউট উন্নয়ন' শীর্ষক প্রকল্প অনুমোদনের প্রস্তাব প্রসঙ্গে।

সূত্র : রাজবাড়ী জেলা পরিষদের স্মারক নং ৪৬.৩০.৮২০০.০০২.০১.০০২.১৮-০৭, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে রাজবাড়ী জেলা পরিষদের মাধ্যমে ৫৪৩.৬৪০৮২ লক্ষ (পাঁচ কোটি তেতাশ্লিশ লক্ষ চৌষট্টি হাজার বিরাশি) টাকা প্রাক্কলিত ব্যয়ে 'কাজী হেদায়েত হোসেন মেমোরিয়াল ডায়াবেটিক হাসপাতালের নার্সিং ইনস্টিটিউট উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের অনুমোদনের জন্য এবং প্রকল্পের অনুকূলে ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা ব্যয়ের অনুমোদনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, প্রস্তাবের সাথে প্রকল্পের প্রাক্কলন, ডিজাইন প্রেরণ করা হয়নি। এছাড়াও, প্রকল্পটি বাস্তবায়নের জন্য মোট সংস্থানকৃত ১.০০(এক) কোটি টাকার অতিরিক্ত অর্থ কোন্ খাত হতে সংস্থান করা হবে, এ বিষয়ে পত্রে কোন তথ্য উল্লেখ করা হয়নি।

২। এমতাবস্থায়, উক্ত প্রকল্পের প্রস্তাবিত প্রাক্কলন, ডিজাইন এবং এডিপি তহবিল হতে সংস্থানকৃত ১.০০(এক) কোটি টাকার অতিরিক্ত অর্থ কোন্ খাত হতে সরবরাহ করা হবে, এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Mujibur
২১/০৩/২০২২
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজবাড়ী।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।